রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ১৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.১৫৬.২২.৪৬৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিগত ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ৪ঠা আগস্ট পর্যন্ত সময়কালে বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ নৌবাহিনী এবং বাংলাদেশ বিমান বাহিনীর চাকরিতে বঞ্চনা, অবিচার ও প্রতিহিংসার শিকার হওয়া অবসরপ্রাপ্ত, অপসারণকৃত, অব্যাহতিপ্রাপ্ত ও বরখাস্তকৃত (চাকরিচ্যুত) অফিসারগণের মধ্য হতে যাঁরা পূর্বে বাহিনী সদর দপ্তরসমূহ কর্তৃক গঠিত পর্ষদসমূহে/ অন্তর্বর্তীকালীন সরকার কর্তৃক গঠিত কমিটির নিকট আবেদন দাখিল করেননি এবং যাদের পূর্বে প্রেরিত আবেদন বিবেচনা করা সম্ভবপর হয়নি, আগামী ১০ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বাহিনী সদর দপ্তরে তাঁরা যে সকল আবেদন দাখিল করবেন তা এবং পূর্বে প্রেরিত আবেদনসমূহ বিস্তারিত পরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদানের জন্য কমিটি নিম্নরূপে গঠন করেছে:

২। **কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১। ০১ × লেফটেন্যান্ট জেনারেল - বাংলাদেশ সেনাবাহিনী | : | সভাপতি |
| ২। ০১ × মেজর জেনারেল - বাংলাদেশ সেনাবাহিনী | : | সদস্য |
| ৩। ০১ × রিয়ার এডমিরাল - বাংলাদেশ নৌবাহিনী | : | সদস্য |
| ৪। ০১ × এয়ার ভাইস মার্শাল - বাংলাদেশ বিমান বাহিনী | : | সদস্য |
| ৫। ০১ × অতিরিক্ত সচিব - প্রতিরক্ষা মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬। ০১ × ব্রিগেডিয়ার জেনারেল - সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য |
| ৭। ০১ × ব্রিগেডিয়ার জেনারেল - বাংলাদেশ সেনাবাহিনী | : | সদস্য-সচিব |



মূল্য : টাকা ৪·০০

৩। **কমিটির কার্যপরিধিঃ**

(১) এই কমিটি সংশ্লিষ্ট বাহিনী সদর দপ্তরে দাখিলকৃত আবেদনসমূহ প্রাপ্তির পর সেগুলোর মধ্য হতে নতুন আবেদনসমূহ এবং সেই সাথে পূর্বে বাহিনী সদর দপ্তরসমূহ কর্তৃক গঠিত পর্ষদসমূহে/অন্তর্বর্তীকালীন সরকার কর্তৃক গঠিত কমিটিতে প্রেরিত আবেদনসমূহ (যেগুলো বিবেচনা করা সম্ভবপর হয়নি) চিহ্নিত করবে এবং মানবিক বিষয়সমূহ বিবেচনায় নিয়ে সমাধানকল্পে গ্রহণযোগ্য সুপারিশ প্রদান করবে।

(২) এই কমিটি সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে আবেদনকারীদের সাক্ষাতকার গ্রহণপূর্বক দাখিলকৃত দালিলিক সকল তথ্য/নথি পর্যালোচনা/বিবেচনা করবে।

(৩) এই কমিটি শুধুমাত্র প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে অর্থাৎ ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ৪ঠা আগস্ট পর্যন্ত সময়কালীন ভুক্তভোগী অফিসারগণের চিহ্নিত আবেদনসমূহ {উপরোল্লিখিত উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত} বিবেচনা করবে।

(৪) চিহ্নিত আবেদনসমূহ যথাযথ পর্যালোচনা সাপেক্ষে আগামী ০১ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে মাননীয় প্রতিরক্ষামন্ত্রী (মাননীয় প্রধানমন্ত্রী) মহোদয়ের নিকট সুপারিশ পেশ করবে।

(৫) কমিটির সভাপতি আবশ্যক মনে করলে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবেন।

৪। **সাচিবিক সহায়তা, লজিস্টিকস ও অন্যান্যঃ**

(১) আগামী ২০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে কমিটির সভাপতি ও সদস্যগণের নামীয় তালিকা সেনাসদর (পিএস পরিদপ্তর) এ প্রেরণ করতে হবে।

(২) সেনাসদর এই কমিটির সকল সাচিবিক, লজিস্টিকস ও প্রয়োজনীয় অন্যান্য সহায়তা প্রদান করবে।

৫। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু ইউসুফ মোঃ রেজাউর রহমান**
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd